



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়
বরিশাল বিভাগ, বরিশাল
www.lrb.gov.bd



স্মারক নং-৩১.০২.০০০০.০২৫.১০.০০৩.১৯.৪২১

তারিখ : ০৮ ডিসেম্বর ২০২০ খ্রি:

বিষয় : ভূমি উন্নয়ন কর আদায় এবং রেন্ট সার্টিফিকেট মোকদ্দমার মাসিক প্রতিবেদন অনলাইনে আপডেট রাখা এবং মাসিক প্রতিবেদন ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ প্রসঙ্গে

সূত্র : ভূমি সংস্কার বোর্ডের স্মারক নং: ৩১.০২.০০০০.০১১.০৯.০০১.২০.৫৪৯; তারিখ: ০৩ ডিসেম্বর ২০২০ খ্রি: (সমন্বয় সভার কার্যবিবরণী)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল বিভাগের আওতাধীন কোম কোম জেলা থেকে ভূমি উন্নয়ন কর আদায় এবং রেন্ট সার্টিফিকেট মোকদ্দমার মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে অনলাইনে আপডেট করে মাসিক প্রতিবেদন ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করা হচ্ছে না। আবার এক মাসে আপডেট প্রতিবেদন প্রেরণ করা হলেও পরের মাসে প্রেরণ করা হয় না। এতে ভূমি সংস্কার বোর্ড থেকে ভূমি মন্ত্রণালয়ে মাসিক প্রতিবেদন প্রেরণ বাধাগ্রস্ত হচ্ছে। বিষয়টি নিয়ে ভূমি সংস্কার বোর্ডের নভেম্বর/২০২০ মাসের সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এমতাবস্থায়, বর্ণিত কার্যক্রমকে আরো বেগবান করার লক্ষ্যে ভূমি উন্নয়ন কর আদায় এবং রেন্ট সার্টিফিকেট মোকদ্দমার মাসিক প্রতিবেদন অনলাইনে আপডেট করার প্রক্রিয়া অব্যাহত রেখে মাসিক প্রতিবেদন নিয়মিতভাবে ভূমি সংস্কার বোর্ডে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয়ে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
বরিশাল/পটুয়াখালী/বরগুনা/
ভোলা/পিরোজপুর/ঝালকাঠি

দৃ: আ: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
বরিশাল/ভোলা/বরগুনা/পটুয়াখালী/
পিরোজপুর/ঝালকাঠি

(তারফদার মো: আক্তার জামিল)

উপ-ভূমি সংস্কার কমিশনার

বরিশাল বিভাগ, বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৪৫৩

ই-মেইল : dir@barishal@lrb.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- ২। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- ৩। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- ৪। অফিস কপি